



দা য়ি ত্ব শী ল দে র দৈ নি ক

# দেশ রূপান্তর

১১-০৯-২০২৪, পৃ.- অনলাইন

## প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অনুদান

দেশ রূপান্তর অনলাইন

প্রকাশ : ১১ সেপ্টেম্বর ২০২৪, ০৮:৪২ পিএম আপডেট : ১১ সেপ্টেম্বর ২০২৪, ০৮:৪২ পিএম



সংগৃহীত ছবি

সম্প্রতি ফেনী, কুমিল্লা ও নোয়াখালী জেলায় ভয়াবহ বন্যার প্রভাবে ক্ষতিগ্রস্ত হাজার হাজার মানুষকে ত্রাণ ও পুনর্বাসন সহায়তা প্রদানের জন্য মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ৩৩ লাখ ৭১ হাজার টাকার বেশি অনুদান দিয়েছে। বুধবার (১১ সেপ্টেম্বর) সোনালি ব্যাংকের মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে এই অনুদান জমা দেয়া হয়। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড, শিক্ষক এবং কর্মকর্তাদের কাছ থেকে স্বেচ্ছা প্রদত্ত এই অনুদানের টাকা সংগ্রহ করে, মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে জমা করা হয়। এই আর্থিক অনুদানের পাশাপাশি, বন্যার শুরু থেকেই ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীরা বন্যার্তদের উদ্ধার তৎপরতা, খাদ্য পানীয় জল সরবরাহ এবং বস্ত্র বিতরণে সক্রিয়ভাবে অংশ নেয়।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ডাইরেক্টর-অফ-ইন্টারন্যাশনাল অ্যাফেয়ারস ড. শামস রহমান এই উদ্যোগের বিষয়ে বলেন, 'ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে আমরা সবসময়েই বৃহত্তর মানুষের কল্যাণকে গুরুত্ব দেই। সাম্প্রতিক বন্যা ফেনী, নোয়াখালী, কুমিল্লায় হাজার হাজার পরিবারকে বাতুল্য করেছিল। এই সংকটময় সময়ে তাঁদের পাশে দাঁড়ানো আমাদের দায়িত্ব। এই উদ্যোগের মাধ্যমে যদি ক্ষতিগ্রস্তদের কষ্টের কিছুটা লাঘব হয় সেটাই আমাদের সার্থকতা।'

বন্যার্তদের দীর্ঘমেয়াদী পুনর্বাসনের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প এবং গবেষণা ভিত্তিক কাজের মাধ্যমে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সহযোগিতা অব্যাহত থাকবে।